27 APR 1995

তারিখ 27 APR 1995

পৃষ্ঠা ৪ কলাম ৮

দৈনিক সংবাদ

21

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে দূরশিক্ষণে কৃষি ডিপ্লোমা প্রসঙ্গে

সম্প্রতি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে দূরশিক্ষণে কৃষি ডিপ্লোমা কোর্স চালু করতে যাচ্ছে যা কৃষিক্ষেত্রে তথা জাতির জন্য কোন কল্যাণ বয়ে আনতে পারবে না বলে আমার বিশ্বাস। আঠার মাসের এ কোর্সটিতে উক্ত বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী বাড়িতে বসে রেডিও ও টেলিভিশনের মাধ্যমে শিক্ষাগ্রহণ করতে হবে। এ পদ্ধতিতে কৃষিকাজের পুরোপুরি জ্ঞান অর্জন আদৌ সম্ভব নয়। কারণ কৃষিকাজে নতুন নতুন সমস্যার উদ্ভব নিত্যনৈমিত্তিক ব্যাপার। এসব সমস্যার সমাধান রেডিও, টেলিভিশনের মাধ্যমে পাওয়া যাবে না। তাছাড়া কৃষি শিক্ষা হলো একটা কারিগরি শিক্ষা। এটা পুঁথিগত কোন শিক্ষা নয়। হাতে-কলমে শিক্ষার মাধ্যমেই বাস্তব জ্ঞান অর্জন সম্ভব। যা উক্ত কোর্সের মাধ্যমে করা সম্ভব নয়। তাছাড়া আমাদের এ অনুন্নত দেশে রেডিও, ক্যাসেট বা টেলিভিশন্ কেনাও অনেকের সামর্থ্যের বাইরে।

তাই কোর্সটি চালু না করার ব্যাপারে অভিজ্ঞ কর্তৃপক্ষের যথাযথ দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ আলমগীর হোসেন (সাজু)
এডিআই ছাত্রাবাস
কক্ষনং-১০, শেরপুর-২১০০